

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৩২

পর্ব-১৬: কিসাস (প্রতিশোধ) (کتاب القصاص)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - সম্মিলিত কসম

### আরবী

عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ: أَصِبْحَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ مَقْتُولًا بِخَيْبَرَ فَانْطَلَقَ أَوْلِيَاؤُهُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرُوا ذَلِكَ لَهُ فَقَالَ: «أَلَكُمْ شَاهِدَانِ يَشْهَدَانِ عَلَى قَاتِلِ صَاحِبِكُمْ؟» قَالُوا: يَا رَسُولَ اللَّهِ لَمْ يَكُنْ ثَمَّ أحدٌ من المسلمينَ وإنما هُوَ يهود وَقد يجترئون عَلَى أَعْظُمَ مِنْ هَذَا قَالَ: «فَاخْتَارُوا مِنْهُمْ خَمْسِينَ فَاسْتَحْلِفُوهُمْ» . فَأَبَوْا فَوَدَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ عِنْدِهِ. رَوَاهُ أَبُو دَاؤد

#### বাংলা

৩৫৩২-[২] রাফি' ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, খায়বার অঞ্চলে আনসারীদের এক ব্যক্তি হত্যা হয়। অতঃপর তার অভিভাবকগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত হয়ে তৎসম্পর্কে জানালেন। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমাদের মধ্যে এমন দু'জন সাক্ষী আছে কি যারা তোমাদের সাথীর হত্যাকারী সম্পর্কে সাক্ষ্য দিতে পারে? তারা বলল, হে আল্লাহর রসূল! সেখানে তো কোনো মুসলিম উপস্থিত ছিল না। আর ইয়াহূদীরা তো এর চেয়ে জঘন্য কাজ করার উদগ্রীব থাকে। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তাহলে তোমরা তাদের মধ্যে থেকে পঞ্চাশজন ব্যক্তিকে বাছাই করে তাদের নিকট থেকে কসম নাও। কিন্তু তারা ইয়াহূদীদের নিকট থেকে কসম নিতে অসম্মতি জানালেন। এমতাবস্থায় তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নিজের পক্ষ থেকে দিয়াত (রক্তপণ) আদায় করে দিলেন। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪৫২৪।

#### ব্যাখ্যা

व्याখा: এই शमीत्म निरु व्यक्ति नाम राला 'आकूलार विन मारल। (قَدْ يَجْتَرِئُوْنَ عَلَى اَعْظَمَ مِنْ هٰذَا) ाता वर्षा (قَدْ يَجْتَرِئُوْنَ عَلَى اَعْظَمَ مِنْ هٰذَا)



ইয়াহূদীরা এর চেয়ে দুঃসাহসিক দুষ্কৃতি কখনো ঘটিয়ে থাকে। এর অর্থ হলো বড় বড় অপরাধ করে। যেমন মুনাফিক্সী তথা কপটচারিতা করা আল্লাহ ও তাঁর রসূলের সাথে ধোঁকাবাজি করা, নাবীদেরকে অন্যায়ভাবে হত্যা করা অথবা আল্লাহর কালামের বিকৃতি বা অপব্যাখ্যা করা ইত্যাদি।

যারা مُدَّعٰى عَلَيْهِ তথা 'অভিযুক্তদেরকে দিয়ে কসামাহ্ শুরু করতে হবে' মর্মে মত পোষণ করেন তাদের দলীল হলো এই হাদীসটি। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪৫১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন